গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

**"ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের ৩য় প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব, সুরক্ষা সেবা বিভাগ

সভার তারিখ : ২৭ মার্চ, ২০২৪, বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান : সচিব মহোদয়ের কক্ষ (কক্ষ নং-১০৯, ভবন নং-০৮, ২য় তলা)

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক গত ১২ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের ২য় পিএসসি সভার কার্যবিবরণীটি সভায় পাঠ করে শোনান। এ বিষয়ে সম্মানিত সদস্যদের কোনো প্রকার সংযোজন-বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক ২০২৩-২৪ অর্থবছরের ২য় পিএসসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৩। প্রকল্প পরিচালক সভায় জানান যে, জুলাই ২০২২ হতে জুন ২০২৫ মেয়াদে ১৬২.৩৪১৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ০.২৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.১৭%। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৬৪.০০ কোটি টাকা এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ৩১.৪৮ কোটি টাকা যা বরাদ্দের ৪৯.২০%। প্রকল্পটির অনুকূলে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ০.১৭ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ০.২৬%। প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটির বাস্তব অগ্রগতি ৩%। সভাপতি পরবর্তীতে উপস্থাপনায় প্রকল্পের মূল কার্যক্রম উল্লেখের নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে পূর্ত কাজের স্থিরচিত্র উপস্থাপন করা হয়।

০৪। প্রকল্পের প্রধান পূর্তকাজ- ড্রাগ ডি-অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১টি বেইজমেন্টসহ ১৩ তলা ভবন) (পূর্ত-২) নির্মাণ কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত প্রাক্কলন (৯৩০৯.৫২ লক্ষ টাকা) ডিপিপিতে গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী সংস্থানকৃত অর্থের (৯৫১৮.৮৫) চেয়ে কম হওয়ায় দরপত্র আহবান করা হয় এবং পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে কার্যাদেশ প্রদান করা হয়। ইতোমধ্যে গত ০৪/০২/২০২৪ তারিখ থেকে নতুন ভবন নির্মাণ এর কার্যক্রম শুরু হয়েছে। বর্তমানে ফাউন্ডেশনের ব্যাসমেন্টের ঢালাইয়ের কাজ চলমান রয়েছে।

এছাড়াও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) (পূর্ত-১) কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত বিস্তারিত প্রাক্কলন (১২৩৪.০০ লক্ষ টাকা) গণপূর্ত রেট সিডিউল, ২০১৮অনুযায়ী অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত ব্যয়ের (৫৫৩.৩৩ লক্ষ টাকা) চেয়ে বেশি হওয়ায় পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে দরপত্র আহবান করা হয়েছে। গত ২০/০২/২০২৪ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্র মূল্যায়ন শেষে কার্যাদেশ প্রদান করা হবে।

সভাপতি পূর্ত-১ প্যাকেজের পুরাতন ভবনের আধুনিকায়ন হবে কিনা জিজ্ঞাসায় মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান যে, প্রকল্পে পুরাতন ৫ম তলা ভবন আধুনিকায়ন কার্যক্রম করা হবে। এক্ষেত্রে এক ফ্লোরে অবস্থানরত ফার্নিচার ও অফিস সরঞ্জামাদি স্থানান্তর করে পর্যায়ক্রমে আধুনিকায়ন সম্পন্ন করা হবে।

০৫। উপসচিব (পরিকল্পনা-১) সভায় জানান যে, চলমান প্যাকেজ পূর্ত ২ (ড্রাগ ডি-অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউ নির্মাণ কাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনার বিস্তারিত বিবরণ প্রেরণের জন্য প্রকল্প পরিচালককে তাগিদ প্রদান করেন। প্রকল্প পরিচালক সভায় জানান যে, দ্রুত সময়াবদ্ধ কর্মপরিকল্পনার বিস্তারিত বিবরণসহ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। সভাপতি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নির্মাণকাজ সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক তদারকির নির্দেশনা প্রদান করেন।

০৬। সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) প্রকল্পের চলতি ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দ ব্যয় করা সম্ভব হবে কি না এ জিজ্ঞাসায় প্রকল্প পরিচালক জানান যে, সংশোধিত এডিপিতে প্রস্তাবিত বরাদ্দের মধ্যে পূর্ত খাতে ২৫০০.০০ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হবে। সভাপতি বরাদ্দ ব্যয় করা সম্ভব না হলে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও প্রকল্পের মেয়াদে প্রকল্প সমাপ্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৭। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি পূর্তকাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আইএমইডি'তে প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও প্রকল্পের সংশোধনীর প্রয়োজন হলে এখন থেকেই কাজ শুরু করতে হবে মর্মে জানান।

০৮। প্রকল্প পরিচালক সভায় উপস্থাপন করেন যে, প্রকল্পের কাজ ত্বরান্বিত করার জন্য যানবাহনের প্রয়োজন। যুগ্মসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, অর্থবিভাগের গত ০২ জুলাই ২০২৩ তারিখের পরিপত্রে যানবাহন খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। এ পর্যায়ে মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সভায় জানান যে, গাড়ি আউটসোর্সিং করে ভাড়ার ব্যবস্থা করা যায় কিনা। সভাপতি বিষয়টি অর্থবিভাগের সাথে আলোচনার পরামর্শ প্রদান করেন।

**০৯। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১) পূর্ত কাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

২) পূর্ত কাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক মনিটরিং করতে হবে;

৩) গাড়ি আউটসোর্সিং এর মাধ্যমে ভাড়া করার বিষয়ে অর্থ বিভাগের পরামর্শ গ্রহণ করতে হবে;

৪) ডিপিপি সংশোধনীর কার্যক্রম গ্রহণ করতে হবে;

৫) নিয়মিত পিএসসি ও পিআইসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৫/২০২৪
(মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী)
সচিব

স্মারক নম্বরঃ ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩- ৪৪

তারিখঃ ২৮/০৫/২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

৮) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর

১১) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১২) নির্বাহী স্থপতি , বিভাগ-১৫, স্থাপত্য অধিদপ্তর

১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

২৮/০৩/২০২৪

(মোঃ শহীদ আতাহার হোসেন)

উপসচিব